গাংনীতে ৮ জুয়াড়িকে অর্থদন্ড করলেন ভ্রাম্যমাণ আদালত

গাংনী উপজেলার তেরাইল গ্রামে অভিযান চালিয়ে জুয়া খেলার ১৭৫২ টাকা, জুয়া খেলায় ব্যবহৃত তাসসহ ৮ জুয়াড়িকে আটক করেছেন গাংনী থানা পুলিশের একটি টিম।

সোমবার (২৯ আগষ্ট) দিবাগত মধ্যরাতে তেরাইল বাজারের একটি দোকানের মধ্যে জুয়া খেলা অবস্থায় গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাদের আটক করেন।

আটকরা হলেন, এ উপজেলার তেরাইল গ্রামের আব্দুল খালেকের ছেলে সুমন হোসেন (৩৫), জাকিরুল ইসলাম (২৭), মৃতু নুরনবীর ছেলে আরিফুল ইসলাম(২০), কাবরান আলীর ছেলে রাজিব হোসেন (২০), মৃতু নবিছদ্দীনের ছেলে মিন্টু হোসেন (৩৫), আব্দুল হামিদের ছেলে আব্দুর রাজ্জাক (৩২), মিনারুল ইসলামের ছেলে বিপ্লব হোসেন (২৫) ও আনারুল ইসলামের ছেলে মহিবুল ইসলাম (২২)।

আজ মঙ্গলবার (৩০ আগষ্ট) দুপুরের আটকদের ভ্রাম্যমাণ আদালতে নিলে ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম তাদের বঙ্গিয় জুয়া আইন ১৮৬৭ এর ৪ ধারায় ৬০০ টাকা অর্তদন্ড করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, জুয়া খেলা অবস্থায় এসব জুয়াড়িদের নগদ টাকা ও তাসসহ আটক করে ভ্রাম্যমাণ আদালতে নিলে তাদের অর্থদন্ড করে ছেড়ে দেওয়া হয়। ভবিষ্যাতে আর কখনো এ খেলা খেলবেনা বলেও মুচলেকা দেন তারা।